দৈনিক ইনকিলাব

তারিখ ০3 JUL 1988
পৃষ্ঠা ১ কলাম ৭

022

# কিশোরদের সচেতনতার জন্য পাঠ্যক্রমে মাদকাসক্তির কুফল তুলে ধরা হবে

## —প্রেসিডেন্ট

কচিকণ্ঠের আসর-এর ৬ সদস্যের একটি প্রতিনিধি দল সংগঠনের সভাপতি ডঃ মিজানুর রহমান শেলীর নেতৃত্বে গতকাল প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের সাথে প্রেসিডেন্ট-এর সচিবালয়ে সাক্ষাৎ করেন। তারা প্রেসিডেন্টকে কচিকণ্ঠের আসরের কার্যক্রম এবং এর সাংগঠনিক ব্যাপারে অবহিত করেন।

প্রেসিডেন্ট এরশাদ কচিকণ্ঠের আসর-এর প্রধান পৃষ্ঠপোষক। প্রেসিডেন্ট ধৈর্যের

৭-এর পৃঃ দেখুন

## প্রেসিডেন্ট

প্রথম পৃষ্ঠার পর

সাথে তাদের বক্তব্য শোনেন এবং কচিকণ্ঠের আসর-এর কার্যক্রম জোরদার করার লক্ষ্যে সম্ভাব্য সব ধরনের সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। বাসস প্রেসিডেন্ট বলেন, এই সংগঠন শিশুদের সার্বিক কল্যাণের লক্ষ্যে দেশব্যাপী আন্দোলন গড়ে তুলতে অগ্রণী ভূমিকা পালন করতে পারে। এ সময় প্রেসিডেন্ট কিশোরদের মাদকাসক্তির কথা উল্লেখ করেন। তিনি বলেন, কিশোরদেরকে মাদকাসক্তির বিভিন্ন ক্ষতিকর দিকসমূহ সম্পর্কে সচেতন করার জন্য মাদকাসক্তির মারাত্মক কুফল স্কুলের পাঠ্যক্রমে সংযোজন করা হবে।

প্রেসিডেন্ট বলেন, অভিভাবকদের জন্য মাদকাসক্তি সংক্রান্ত তথ্য পত্র তৈরী করা হবে, যাতে করে অভিভাবকরা মাদকাসক্তির লক্ষণ সম্পর্কে জানতে পেরে তাদের শিশুদের জন্য প্রয়োজীয় চিকিৎসার ব্যবস্থা করতে পারেন।

এ প্রসঙ্গে প্রেসিডেন্ট মাদকাসক্তদের চিকিৎসার জন্য তেজগাঁও-এ প্রস্তাবিত হাসপাতালের কথা উল্লেখ করেন।

কচিকণ্ঠের আসর-এর প্রধান উপদেষ্টা স্পীকার শামসুল হুদা চৌধুরীও এ সময় উপস্থিত ছিলেন।